## রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থানীয় পর্যটন এবং বর্তমানে উক্ত জেলায় বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের স্থাপনা/ইউনিট সমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের নিয়ন্ত্রণে হস্তান্তর চুক্তিপত্র ঃ

যেহেতু রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯নং আইন ; যা ১৯৯৮ সনের ৯নং আইন দ্বারা সংশোধিত)-এর ধারা ২২ এ বর্ণিত ১ম তফসিলের ২৮নং ক্রমিকে উল্লেখিত কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত স্থানীয় পর্যটন এবং বর্তমানে উক্ত জেলায় বাংলাদেশ পর্যটন করপোরেশন স্থাপনা/ইউনিটসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের নিয়ন্ত্রণে হস্তান্তর করিতে সরকার ইচ্ছা প্রকাশ করিয়াছেন;

যেহেতু বাংলাদেশ পর্যটন করপোরেশন সরকারের একটি বিশেষায়িত ও স্ব-অর্থায়নে পরিচালিত বাণিজ্যিক সংস্থা যা সমগ্রদেশে পর্যটন উন্নয়ন, প্রসার ও বিকাশে নিয়োজিত ;

এবং যেহেতু সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার পরিপেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ স্থানীয় পর্যটন এবং বর্তমানে উক্ত জেলায় বাংলাদেশ পর্যটন করপোরেশন স্থাপনা/ইউনিটসমূহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন ;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বর্তমানে চালু ইউনিট/স্থাপনাসমূহ নিম্নলিখিত শর্তে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর করিলেন ঃ

১। <u>*কর্ম ও বিষয় ঃ*</u>

রাঙ্গামাটি পার্বত্য জেলার

(ক) সকল স্থানীয় কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় সাধন ;

(খ) স্থানীয় পর্যটন উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন ;

২। <u>*উন্নয়ন পরিকল্পনা ঃ*</u>

(ক) কর্ম ও বিষয়ের সাথে সংশ্লিষ্ট কোন প্রকল্প বা কর্মসূচী বিদেশী সাহায্য সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের পর্যটন সংক্রান্ত নিজস্ব কার্যক্রমের সহিত সমন্বয় রাখিয়া প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক তা সম্পাদন করিতে হইবে ;

(খ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্পসমূহ সংশ্লিষ্ট Operation Plan এবং উন্নয়ন প্রকল্প দলিল অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সহিত সমন্বয়পূর্বক বাংলাদেশ পর্যটন করপোরেশনের মাধ্যমে বাস্তবায়িত হইবে ।

৩। <u>*জনবল ব্যবস্থাপনা(বর্তমান স্থাপনার জন্য) ঃ*</u>

(ক) বাংলাদেশ পর্যটন করপোরেশন একটি বিশেষায়িত বাণিজ্যিক সংস্থা হওয়ায় এবং এর জনবল কেন্দ্রীয়ভাবে বিশেষ প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষিত বিধায় জনবল সংক্রান্ত ব্যবস্থাপনার বিষয়টি বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক পরিচালিত হইবে ;

(খ) কর্মকর্তাদের ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হইবে । ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণের নৈমিত্তিক ছুটি মুখ্য নির্বাহী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ পর্যটন করপোরেশন মঞ্জুর করিবেন এবং কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করিবেন । অন্যান্য সকল কর্মকর্তার নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণ প্রদান করিবেন ।

(গ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণের ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক বিষয়ে মুখ্য নির্বাহী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর অনুমোদনক্রমে ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণ ব্যবস্থা গ্রহণ করিবেন ;

(ঘ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের স্বাভাবিক মেয়াদ পূর্তির পূর্বে জেলার বাহিরে বদলী করা যাইবে না । তবে জনস্বার্থে বিশেষ কারণে বদলী করিবার ক্ষেত্রে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ পর্যটন করপোরেশন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে ।

(ঙ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের বিষয়টি বাংলাদেশ পর্যটন করপোরেশন চাকুরী প্রবিধানমালা ১৯৯০ অনুযায়ী পরিচালিত হইবে । সংশ্লিষ্ট পদে যোগ্যতা থাকা সাপেক্ষে স্থানীয় নাগরিকদের অগ্রাধিকার প্রদান করা হইবে ।

৪। <u>*আর্থিক ব্যবস্থাপনা(বর্তমান স্থাপনার জন্য) ঃ*</u>

(ক) কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা ও অফিসিয়াল অন্যান্য সকল ব্যয় বাংলাদেশ পর্যটন করপোরেশন নির্বাহ করিবে ;

(খ) বাংলাদেশ পর্যটন করপোরেশনের বর্তমানে চালু স্থানীয় হোটেল, মোটেল, বিনোদন স্পট, অডিটোরিয়াম ইত্যাদি ও অন্যান্য উৎস হইতে প্রাপ্ত নীট মুনাফার ১০% স্থানীয় পর্যটন উন্নয়নে ব্যবহারের নিমিত্ত রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের তহবিলে জমা প্রদান করা হইবে ।

৫। <u>*বার্ষিক গোপনীয় প্রতিবেদন(বর্তমান স্থাপনার জন্য) ঃ*</u>

(ক) কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়নের জন্য প্রচলিত বার্ষিক গোপনীয় অনুবেদন ছাড়াও একটি বার্ষিক বিশেষ মূল্যায়ন প্রতিবেদনের মাধ্যমে তাহাদের কার্যক্রম মূল্যায়ন করা হইবে । ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণের বার্ষিক বিশেষ মূল্যায়ন প্রতিবেদন জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান কর্তৃক প্রতিস্বাক্ষরের পর বাংলাদেশ পর্যটন করপোরেশনে সংরক্ষণ করা হইবে । অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক বিশেষ মূল্যায়ন প্রতিবেদন ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণ কর্তৃক স্বাক্ষরিত ও জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরের পর বাংলাদেশ পর্যটন করপোরেশনে সংরক্ষণ করা হইবে । কর্মকর্তা/ কর্মচারীদের পদোন্নতিসহ চাকুরীর অপরাপর ক্ষেত্রে এই বার্ষিক বিশেষ মূল্যায়ন প্রতিবেদন গুরুত্ব সহকারে বিবেচিত হইবে ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬। ***স্থানীয় পর্যটন বিকাশে ভবিষ্যতে সম্প্রসারিতব্য কার্যক্রম পরিচালনাঃ***

***কর্ম ও বিষয় ঃ***

(ক) রাঙ্গামাটি পার্বত্য জেলার সকল স্থানীয় পর্যটন কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় সাধন ;

(খ) স্থানীয় পর্যটন উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন ;

***উন্নয়ন পরিকল্পনা ঃ***

(ক) স্থানীয় পর্যটন বিকাশে সরকার বাংলাদেশ পর্যটন করপোরেশন মাধ্যমে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সাথে সমন্বয় পূর্বক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিতে পারিবে;

(খ) স্থানীয় পর্যটন বিকাশে মাস্টার প্ল্যান অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হোটেল, মোটেল, বিনোদন স্পট, অডিটরিয়াম ও অন্যান্য স্থাপনা নির্মাণ করিতে পারিবে;

(গ) স্থানীয় পর্যটন উন্নয়নের স্বার্থে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ তাদের নিজস্ব অর্থায়নে প্রকল্প/কর্মসূচী/উদ্যোগ গ্রহণ করিতে পারিবে,প্রয়োজনে বাংলাদেশ পর্যটন করপোরেশনের সহযোগিতা চাইতে পারিবে ;

(ঘ) কর্ম ও বিষয়ের সাথে সংশ্লিষ্ট কোন প্রকল্প বা কর্মসূচী বিদেশী সাহায্য সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের পর্যটন সংক্রান্ত নিজস্ব কার্যক্রমের সহিত সমন্বয় রাখিয়া প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক তা সম্পাদন করিতে হইবে ;

***জনবল ব্যবস্থাপনাঃ***

(ক) স্থানীয় পর্যটনের উন্নয়নের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প প্রধান অথবা এতদসংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক এতদসংক্রান্ত প্রণীত প্রবিধান দ্বারা পরিচালিত হইবে। প্রকল্প প্রধানসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের জন্য বাংলাদেশ পর্যটন করপোরেশন প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে ।

(খ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের বিষয়টি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতিক্রমে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রণীত প্রবিধানমালা অনুযায়ী পরিচালিত হইবে ।

***আর্থিক ব্যবস্থাপনা ঃ***

কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা ও অফিসিয়াল অন্যান্য সকল ব্যয় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক পর্যটন শিল্পের আয় হইতে নির্বাহ করা হইবে ।

***বার্ষিক গোপনীয় প্রতিবেদনঃ***

স্থানীয় পর্যটনের উন্নয়নে নিয়োজিত জনবলের বার্ষিক গোপনীয় প্রতিবেদন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের প্রচলিত প্রবিধান দ্বারা পরিচালিত হইবে ।

৭। ***চুক্তি সংশোধন ও বলবৎকরণ ঃ***

(ক) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে যৌথভাবে পর্যালোচনা করিবে এবং জনস্বার্থে ঐক্যমতের ভিত্তিতে এই চুক্তি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করিতে পারিবেন ।

(খ) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে বাংলাদেশ পর্যটন করপোরেশন এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করিবে;

(গ) বিদ্যমান/বিচারাধীন মামলা বা ভবিষ্যতে কোন বিষয়ে মামলার উদ্ভব হলে উভয় পক্ষ ঐক্যমতের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে ।

এই চুক্তি অদ্য ২৮ আগস্ট, ২০১৪ খ্রিষ্টাব্দ/ ১৩ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ হইতে কার্যকর হইবে ।

আমরা এ চুক্তিনামার উপরে উল্লেখিত বিষয়গুলি বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম ।

(নিখিল কুমার চাকমা)
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ।

২৮/০৮/১৪
(খোরশেদ আলম চৌধুরী)
সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

পর্যবেক্ষক

(নব বিক্রম কিশোর ত্রিপুরা,এনডিসি) ২৮/৮/১৪
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ।